



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ ৩৭ /বরগুনা-১০৪

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
০২ জুন ২০২২

বিষয় : প্রতিষ্ঠাতা বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র জমাদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বরগুনা জেলার তালতলী উপজেলাধীন কড়ইবাড়ীয়া দারুস সুনাত দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক জনাব মো: মোফাজ্জল হোসাইন উক্ত মাদ্রাসার কমিটিতে অবৈধভাবে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হয়ে আসছেন মর্মে অভিভাবক সদস্য জনাব মো: মনিরুল ইসলাম অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে আরো উল্লেখ করা হয় জনাব মো: মোফাজ্জল হোসাইন সহকারী শিক্ষক(সমাজ বিজ্ঞান) পদে চাকুরিরত আছেন এবং একই সাথে একই মাদ্রাসার নিয়মিত কমিটিতে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে অন্তর্ভুক্ত আছেন অথচ আদৌ তিনি প্রতিষ্ঠাতা নন।

বর্ণিত অবস্থায় মাদ্রাসাটি প্রতিষ্ঠাকালীন প্রতিষ্ঠাতা বিষয়ে দলিল, রেজুলেশন ও প্রতিষ্ঠাতা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র, উক্ত মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের পূর্ণাঙ্গ তালিকা এবং অভিযোগকৃত শিক্ষক জনাব মো: মোফাজ্জল হোসাইন বর্তমানে উক্ত মাদ্রাসায় শিক্ষক হিসাবে কর্মরত আছেন কিনা যাবতীয় প্রমাণকসহ প্রয়োজনীয় কাগজপত্র ১৫ (পনেরো) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২.০৬.২২

মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


০২.০৬.২২

১। সুপার/ভারপ্রাপ্ত সুপার,

কড়ইবাড়ীয়া দারুস সুনাত দাখিল মাদ্রাসা,

পো: কড়ইবাড়ীয়া, তালতলী, বরগুনা।

২। জনাব মোফাজ্জল হোসাইন, সহকারী শিক্ষক(সমাজ বিজ্ঞান),

কড়ইবাড়ীয়া দারুস সুনাত দাখিল মাদ্রাসা,

পো: কড়ইবাড়ীয়া, তালতলী, বরগুনা।

নং-বামাশিবো/প্রশা/ ৩৭ /বরগুনা-১০৪

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
০২ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বরগুনা;
২. জেলা শিক্ষা অফিসার, বরগুনা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা;
৪. সভাপতি, ম্যানেজিং কমিটি, কড়ইবাড়ীয়া দারুস সুনাত দাখিল মাদ্রাসা, পো: ছোটবগী, তালতলী, বরগুনা;
৫. জনাব মো: মনিরুল ইসলাম(অভিযোগকারী), কড়ইবাড়ীয়া দারুস সুনাত দাখিল মাদ্রাসা, পো: ছোটবগী, তালতলী, বরগুনা;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।


০২/০৬/২২

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


০২.০৬.২২